**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**
**মিরপুর-২, ঢাকা ১২১৬**
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.১০৭.০৩৩.০০.০০.০০৮.২০১৫-৪৩৯ তারিখ: ১৯ চৈত্র, ১৪২৪। / ০২ এপ্রিল, ২০১৮।

**প্রজ্ঞাপন**

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নির্বাহী কমিটির ২৬ তম সভার সিদ্ধান্ত অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০৮.১৫.৪৩৮, তারিখ: ০২ এপ্রিল ২০১৮ অনুসারে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর ফলাফলের ভিত্তিতে প্রাথমিক বৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশ করা হলো এবং নিম্নবর্ণিত হার ও শর্ত সাপেক্ষে এতদ্সঙ্গে সংযুক্ত তালিকা অনুযায়ি ১ জানুয়ারি ২০১৮ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক শিক্ষা ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তি প্রদান করা হলো।

**বৃত্তি পরিচিতি**

(১) পঞ্চম শ্রেণিতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে দুই ধরনের বৃত্তি প্রদানের সংস্থান রাখা হয়েছে: (ক) ট্যালেন্টপুল বৃত্তি- ৩৩,০০০টি ও (খ) সাধারণ বৃত্তি - ৪৯,৫০০টি।

(২) ক. উপজেলা/থানার আওতাধীন প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের সংখ্যার উপর ভিত্তি করে ট্যালেন্টপুল বৃত্তি নির্ধারণ করা হয়। মেধাক্রম অনুসারে উপজেলা/থানার মোট বৃত্তি ৫০% ছাত্র ও ৫০% ছাত্রীদের মধ্যে বন্টন করা হয়েছে। অর্থাৎ সকল ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তি প্রদানের ক্ষেত্রে ছেলে ও মেয়ের হার সমান সমান।
খ. ট্যালেন্টপুল বৃত্তি বন্টনের পর প্রতি উপজেলা/থানার ইউনিয়ন/ওয়ার্ডের (সিটি কর্পোরেশন ও পৌরসভা) তিনজন ছাত্র ও তিনজন ছাত্রীর মধ্যে মেধানুসারে সাধারণ বৃত্তি প্রদান করা হয়েছে।

(৩) নির্ধারিত কোটা অনুযায়ী সাধারণ বৃত্তি এবং মেধাক্রম অনুসারে ট্যালেন্টপুল বৃত্তি প্রদান করা হয়েছে। তবে যে ইউনিয়ন/ওয়ার্ডে যোগ্য ছাত্রী পাওয়া যায়নি সেক্ষেত্রে ছাত্রীর স্থলে ছাত্রকে বৃত্তি দেয়া হয়েছে এবং অনুরূপভাবে যেখানে যোগ্য ছাত্র পাওয়া যায়নি সেক্ষেত্রে ছাত্রের স্থলে ছাত্রীকে বৃত্তি দেয়া হয়েছে।

(৪) যে ওয়ার্ডে (পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত) যোগ্য ছাত্র/ছাত্রী পাওয়া যায়নি সেক্ষেত্রে একই উপজেলা/থানার আওতায় যোগ্য ছাত্রছাত্রীদের মধ্যে মেধাক্রম অনুসারে (সাধারণ বৃত্তি) পুন:বন্টনপূর্বক সম্পূরক বৃত্তি দেয়া হয়েছে (তালিকা এতদ্সঙ্গে সংযোজন করা হয়েছে)।

**বৃত্তির হার ও মেয়াদ**

| ট্যালেন্টপুল বৃত্তি | | সাধারণ বৃত্তি | | মেয়াদ |
|---|---|---|---|---|
| বৃত্তির হার | | বৃত্তির হার | | উভয় ক্ষেত্রে ০১.০১.২০১৮ খ্রি: হতে ০৩ (তিন) বছর পর্যন্ত |
| মাসিক টাকা | এককালীন প্রতি বছর | মাসিক টাকা | এককালীন প্রতি বছর | |
| ৩০০/- (তিনশত) টাকা | ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা | ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা | ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা | |

**বৃত্তির শর্তাবলি**

(১) বৃত্তিধারী ছাত্র/ছাত্রীর সদাচরণ, বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি ও সন্তোষজনক পাঠোন্নতি সাপেক্ষে বৃত্তির অর্থ প্রদান করা হবে ;

(২) সকল বৃত্তিধারী বিনা বেতনে যে কোন সরকারি, স্বীকৃতিপ্রাপ্ত বে-সরকারি মাধ্যমিক/ নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে পড়ার সুযোগ লাভ করবে ;

(৩) কোন ছাত্রছাত্রী অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি না হলে বৃত্তির অর্থ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না। অননুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন কাল পাঠ-বিরতি (ব্রেক অব স্টাডি) হিসেবে গণ্য হবে ;

(৪) ক. সংশ্লিষ্ট সরকারি বিদ্যালয়ের প্রধানগণ/ ক্ষেত্র বিশেষে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে বৃত্তির টাকা স্থানীয় সরকারি কোষাগার হতে উত্তোলন করে বন্টন করবেন ;

খ. বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ নির্ধারিত বিল ফরমে সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরের পর স্ব স্ব এলাকার সরকারি কোষাগার হতে বৃত্তির টাকা উত্তোলন করে বন্টন করবেন ;

(৫) বৃত্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি সরকারের অনুমোদনক্রমে সময় সময় আরোপিত হতে পারে। এ সরকারি আদেশের অন্তর্ভুক্ত বৃত্তির সংখ্যা, হার ও সময়সীমা শর্ত সাপেক্ষে যে কোন সময় সরকার পরিবর্তন করতে পারে এবং সরকার প্রয়োজন বোধ করলে কোন কারণ দর্শানো ছাড়া সংশোধন ও বাতিল করতে পারবেন ;

(৬) এ সরকারি আদেশে অন্তর্ভুক্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের "৩-২৫৩১-০০০০-৫৯৬৩" বৃত্তি/ স্কলারশীপ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মেটানো হবে ;

(৭) এ প্রকল্পে বরাদ্দকৃত টাকার বিল প্রতি আর্থিক বৎসরের শেষে অর্থাৎ ৩০ জুনের মধ্যে উত্তোলন করতে হবে, নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন না করলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পুনঃমঞ্জুরী গ্রহণ করে উত্তোলন করা যাবে ;

(৮) সাধারণ বৃত্তি ও সম্পূরক বৃত্তির মধ্যে কোন পার্থক্য নেই এবং

(৯) প্রকাশিত ফলাফলে কোন ধরণের ত্রুটি পরিলক্ষিত হলে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাথমিক বৃত্তির তালিকা সংশোধন, বাতিল ও পুনর্বণ্টনের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৪/২০১৮

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল এনডিসি
মহাপরিচালক

স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.০৩৩.০০৮.১৫.৪৩৯(১৭৯৫)

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৪। / ০২ এপ্রিল, ২০১৮।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, বাংলাদেশ, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা/ নেপ, ময়মনসিংহ।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড (সকল),.................................।
৭. জেলা প্রশাসক, (সকল),.............................................।
৮. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, আভ্যন্তরীণ মেধা বৃত্তি প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১১. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল),.....................................।
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
১৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৬. উপজেলা নির্বাহী অফিসার, (সকল),....................................।
১৭. জেলা শিক্ষা অফিসার, (সকল),.................................।
১৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল),.......................................।
১৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, (সকল),.......................................।
২০. উপজেলা/ থানা শিক্ষা অফিসার, (সকল),.......................................(প্রজ্ঞাপনের অনুলিপি তাঁর এলাকাধীন সংশ্লিষ্ট সকল বৃত্তিপ্রাপ্ত বিদ্যালয়ে এক সপ্তাহের মধ্যে প্রেরণের অনুরোধসহ)।
২১. উপজেলা/ থানা হিসাব রক্ষণ অফিসার, উপজেলা(সকল),.......................................।
২২. সংরক্ষণ নথি।

০২/৪/১৮

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭